

# জাতীয় নাগরিক পার্টি – এনসিপি

কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি

(অস্থায়ী কার্যালয়: রূপায়ন ট্রেড সেন্টার, বাংলামোটর, ঢাকা)

সূত্র: এনসিপি/বিবৃতি/২০২৫-২০২৬/০১

তারিখ: ৭ মার্চ, ২০২৫ ইং

Page | 1

## নারী নির্যাতন, ধর্ষণ এবং হেনস্টার ঘটনায় এনসিপি'র নিন্দা ও প্রতিবাদ

সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে নারীদের ওপর ধর্ষণ, নির্যাতন, সাইবার বুলিং এবং শ্লীলতাহানির ঘটনা ঘটছে। গত বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন নারী শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের একজন স্টাফ কর্তৃক হয়রানির শিকার হন। শাহবাগ থানায় গ্রেফতার থাকাবস্থায়ও অভিযুক্ত ব্যক্তি গণমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে ভুক্তভোগী নারী সম্পর্কে কুরুচিপূর্ণ মন্তব্য করে। এতদ্বারা অভিযুক্ত ব্যক্তিকে থানা থেকে ছাড়িয়ে আনতে একটি নৈরাজ্যকর পরিস্থিতি সৃষ্টি করা হয় এবং মামলা প্রত্যাহারে ভুক্তভোগীকে নানাবিধ চাপ প্রয়োগ করা হয়; যা অত্যন্ত ন্যাকারজনক এবং নিন্দনীয়।

আমরা গভীর উদ্দেশের সাথে লক্ষ করছি যে, গতকাল মাগুরায় একজন শিশু ধর্ষণের শিকার হয়েছেন। এছাড়াও অনলাইনে জাতীয় নাগরিক পার্টি – এনসিপি'র নারী নেতৃবৃন্দ এবং ফ্যাসিবাদ বিরোধী রাজনৈতিক দলগুলোর নারী নেতাকর্মীরা পতিত ফ্যাসিবাদীদের দ্বারা প্রতিনিয়ত সাইবার বুলিং ও হয়রানির শিকার হচ্ছেন।

জাতীয় নাগরিক পার্টি – এনসিপি এই সকল সহিংসতা ও নিপীড়নের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে। এই ধরণের নিপীড়নের ঘটনা জনপরিসরে নারীদের নিরাপত্তাহীন অবস্থাকে তুলে ধরে। বিগত ফ্যাসিবাদী শাসন বাংলাদেশে বিচারহীনতার সংস্কৃতি প্রতিষ্ঠিত করেছে এবং নারীদের রাজনৈতিক কর্তৃসত্ত্বকে অস্বীকার করেছে। কিন্তু জুলাই গণঅভ্যুত্থানে নারীদের রাজনৈতিক নেতৃত্ব ফ্যাসিবাদী সরকার পতনে অনন্য ভূমিকা রাখার মধ্য দিয়ে নিজেদের রাজনৈতিক অভিব্যক্তির শক্ত জানান দিয়েছে। নারীর নাগরিক অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠায় এনসিপি সর্বদা বন্ধনপরিকর। আমরা স্পষ্ট বলতে চাই- নারীদের ওপর কোনো রকম সহিংসতা কিংবা নিপীড়ন জাতীয় নাগরিক পার্টি – এনসিপি বরদাশত করবে না।

# জাতীয় নাগরিক পার্টি – এনসিপি

কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি

(অস্থায়ী কার্যালয়: রূপায়ন ট্রেড সেন্টার, বাংলামোটর, ঢাকা)

সূত্র: এনসিপি/বিবৃতি/২০২৫-২০২৬/০২

তারিখ: ৭ মার্চ, ২০২৫ ইং

Page | 2

জাতীয় নাগরিক পার্টি – এনসিপি নারীদের ওপর চলমান সহিংসতা ও নিপীড়নের ঘটনাগুলোয় দোষীদেরকে অতিদ্রুত আইনের আওতায় আনতে এবং দৃষ্টান্তমূলক শান্তি নিশ্চিত করতে জোর দাবি জানায়। পাশাপাশি, জনপরিসর ও সাইবার স্পেসে নারীদের নিরাপত্তা নিশ্চিত করতে আইনশৃঙ্খলা বাহিনীকে সক্রিয় ও দায়িত্বশীল ভূমিকা রাখার আহ্বান জানায়। আমরা মনে করি, নারীর প্রতি সহিংসতাকে কঠোরভাবে দমন করার মধ্য দিয়ে সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচারের বাংলাদেশ প্রতিষ্ঠিত হবে।

বার্তাপ্রেরক

সালেহ উদ্দিন সিফাত

যুগ্ম সদস্য সচিব (দণ্ডন)

জাতীয় নাগরিক পার্টি – এনসিপি